যে—দুর্গা, গণেশ, ব্যাস, বিষ্বক্সেন, শ্রীগুরুদেব এবং অন্য দেবতাসকলকে ভগবানের বাম-দক্ষিণাদি যে যে স্থানে যাঁহার স্থিতি উল্লেখ আছে, তাঁহাদিগকে সেই সেই স্থানে রাখিয়া পাদ্যাদির দ্বারা অর্চ্চন করিবে এবং অর্চ্চনের সময় ভাবিতে হইবে যে—ঐ দেবতাগণ ভগবানের দিকে মুখ করিয়া বসিয়া আছেন ॥ ২৮৫ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে উল্লেখ আছে যে—অতএব বেদে অপ্রসিদ্ধ দেবতাগণের অর্চ্চন পরিত্যাগ করিবে। অর্থাৎ যে সকল দেবতা অবৈদিক, শুদ্ধভক্তগণ কখনও তাঁদের পূজা করিবেন না। বেদপ্রসিদ্ধ দেবগণেরও স্বতন্ত্র অর্থাৎ পৃথকভাবে অর্চ্চন পরিত্যাগ করিবেন। অর্থাৎ যেমন দুর্গাপূজায় দুর্গা প্রধান আরাধ্য ; অন্যান্য দেবতা—এমন কি শ্রীবিষ্ণুও আবরণরূপে পূজিত হইয়া থাকেন, অথবা গণেশপূজায় গণেশ প্রধানরূপে পূজ্য এবং বিষ্ণু প্রভৃতি দেবতাগণ আবরণরূপে পূজিত হয়েন, এইরূপভাবে স্বতন্ত্ররূপে দেবতান্তরের পূজা বিশুদ্ধ ভক্তির অত্যন্ত বিঘাতক। তবে শ্রীবিষ্ণু যে পূজায় প্রধান, সেখানে অন্যদেবতাকে পূজা করায় বিশুদ্ধ ভক্তিতে কোন বাধা ঘটে না। প্রত্যুত পূজা না করিলেই শ্রীবিষ্ণু অপ্রসন্ন হইয়া থাকেন। সেই সকল পীঠদেবতার পূজার ক্রম উল্লেখ করিতেছেন—

অর্চ্চয়িত্বা জগদ্বন্দ্যং দেবং নারায়ণং হরিং।
তদাবরণসংস্থানং দেবস্য পরিতোঽর্চ্চয়েৎ ॥
হরের্ভুক্তাবশেষেণ বলিং তেভ্যো বিনিক্ষিপেৎ।
হোমঞ্চৈব প্রকুর্ব্বীত তচ্ছেষেনৈব বৈষ্ণবঃ ॥

জগদারাধ্য ভগবান্ নারায়ণ শ্রীহরিকে পূজা করিয়া তাঁহার আবরণে সংস্থিত দেবগণকে তাঁহার চতুর্দ্দিকে ক্রমে পূজা করিবে। শ্রীহরির ভুক্তাবশেষ অর্থাৎ শ্রীভগবৎ প্রসাদ তাঁহাদিগকে অর্পণ করিবে এবং ঐ ভগবৎ প্রসাদ দ্বারা বৈষ্ণবহোমও করিবে ॥ ২৮৫ ॥

ভূতাদিপূজা তু তৎপূজাঙ্গত্বে বিহিতাপি ন কর্ত্তব্যা ; তদাবরণদেবতাত্বাভাবাৎ। নিষিদ্ধঞ্চ তত্রৈব—যক্ষাণাঞ্চ পিশাচানাং মদ্যমাংসভূজাং তথা। দিবৌকসানাং ভজনং সুরাপানসমং স্মৃতম্ ॥ ইতি। অতএবাবশ্যকপূজ্যানামপ্যেষাং তৎস্বীকৃতৈরপি মদ্যাদিভিঃ পূজা নিষিদ্ধা। যথা সঙ্কর্ষণাদীনাম্। অথ পীঠপূজায়াং যেঽপ্যধর্ম্মাদ্যা বর্ত্তন্তে গুণবৃত্তয়শ্চ, তানি তু পাদ্মোত্তরখণ্ডে স্পৃষ্টান্যপি ন সন্তি। তথা স্বায়ম্ভুবাগমেঽপি। তস্মান্নাদরণীয়ানি। কেচিত্তু নারদপঞ্চরাত্রাদৃষ্ট্যা তান্যন্যথৈব ব্যাচক্ষতে। যথোক্তং তত্রৈব—অধর্ম্মাদ্যচতুষ্কন্তু অশ্রেয়সি নিযোজনমিতি। অধার্ম্মিকাদিষু তত্তদন্তর্য্যামিশক্তিরধর্ম্মাদ্যমিত্যর্থঃ। তথা পীঠপূজায়াং ভগবদ্বামে শ্রীগুরুপাদুকাপূজনমেবং সঙ্গচ্ছতে। যথা, য এব ভগবানত্র